

“ ছেলে হোক, মেয়ে হোক,  
দুটি সন্তানই যথেষ্ট ”।

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়  
রাজশাহী।

স্মারক নং পপ/রা-বি/ পরি/চ-০৫/২০১৮-১৯/৮৯৬

তারিখ : ০২/০৩/২০১৯ খ্রি:।

গত ২৮/০৮/২০১৯ খ্রি: তারিখ রাজশাহী জেলার মোহনপুর উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় পরিদর্শনে যেয়ে কর্মচারীদের অগ্রিম ভ্রমনসূচী পরীক্ষা করে দেখা যায়, ৫জন পরিবার পরিকল্পনা পরিদর্শকের মধ্যে ৩জন পরিবার পরিকল্পনা পরিদর্শকের অগ্রিম ভ্রমনসূচী অফিসে রক্ষিত আছে। কিন্তু আলআমিন ও মাসুদ রানা নামে ২ জন পরিবার পরিকল্পনা পরিদর্শকের অগ্রিম ভ্রমনসূচী অফিসে পাওয়া যায়নি।

২১ জন পরিবার কল্যাণ সহকারীর ২০১৮-১৯ অর্থ বছরের কর্মতৎপরতা পরীক্ষা করে দেখা যায়, দৌলতুন নেছা, পরিবার কল্যাণ সহকারী(২/ক ইউনিট), রায়ঘাটি ইউনিয়ন ও মমতাজ বেগম, পরিবার কল্যাণ সহকারী(২/খ ইউনিট), ধুবইল ইউনিয়ন এর ২০১৮-১৯ অর্থ বছরের কর্মতৎপরতা অসন্তোষজনক।

রায়ঘাটি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে গিয়ে দেখা যায়, আলআমিন, পরিবার পরিকল্পনা পরিদর্শক হাজিরা খাতায় পূর্বাফেই আগমন ও গমনের কলামে স্বাক্ষর করে রেখেছেন। তার অগ্রিম ভ্রমনসূচী না পাওয়ায় সে মুহূর্তে তিনি কোথায় দায়িত্বরত আছেন তা খতিয়ে দেখা সম্ভব হয়নি।

উক্ত পরিবার পরিকল্পনা পরিদর্শক আলআমিন কর্তৃক সংঘটিত অনিয়ম এবং উপজেলার অন্যান্য পরিবার কল্যাণ সহকারীগণের তুলনায় বর্নিত ২ জন পরিবার কল্যাণ সহকারীর এক বছরের অসন্তোষজনক কর্মসম্পাদনের কি ব্যাখ্যা থাকতে পারে, সে বিষয়ে আপনার সুস্পষ্ট মতামত প্রদানের জন্য অনুরোধ করা হলো।

প্রাপক :

উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার,  
মোহনপুর, রাজশাহী।

০৫৬

(মো: শফিকুল ইসলাম)  
পরিচালক,  
পরিবার পরিকল্পনা,  
রাজশাহী বিভাগ, রাজশাহী।

০২

তারিখ : ০২/০৩/২০১৯ খ্রি:।

স্মারক নং পপ/রা-বি/ পরি/চ-০৫/২০১৮-১৯/ ৮৯৬/১ (২)

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
২. উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, . . . . .
৩. অফিস কপি ।

পরিচালক, পরিবার পরিকল্পনা,  
রাজশাহী বিভাগ, রাজশাহী।

০২